ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৮২৯

আগরতলা,১১ সেপ্টেম্বর,২০২৫

**আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজের পেডোডন্টিক্স ডিপার্টমেন্টের সাফল্য**

**১১ বৎর বয়সী নাবালকের জিহ্বায় সফল লেজার সার্জারি**

আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালে দাঁত ও মুখ গহ্বরের নানা সমস্যার চিকিৎসা পরিষেবা প্রদান অব্যাহত রয়েছে। প্রতিদিনই এই হাসপাতালে দাঁত ও মুখের নানা সমস্যা নিয়ে রোগীরা সফলভাবে চিকিৎসা পরিষেবা পেয়ে উপকৃত হচ্ছেন। আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের একটি গুরুত্বপূর্ণ ডিপার্টমেন্ট হল পেডোডন্টিক্স ডিপার্টমেন্ট। এই ডিপার্টমেন্টে দন্ত চিকিৎসায় শৈশব থেকে শুরু করে বয়ঃসন্ধিকাল পর্যন্ত শিশু-কিশেরদের দাঁত, মাড়ি এবং চোয়ালের স্বাস্থ্য, রোগ নির্ণয় ও চিকিৎসা প্রদান করা হয়। বিশেষ করে শিশুদের দাঁতের সঠিক বিকাশ নিশ্চিত করতে এবং মুখ গহ্বরের স্বাস্থ্য বজায় রাখতে এই ডিপার্টমেন্ট বিশেষজ্ঞ চিকিৎসকগণ নিয়মিত পরিষেবা প্রদান করছেন। সম্প্রতি আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালে স্থানীয় যোগেন্দ্রনগরের **১১** বৎসর বয়সী এক নাবালকের জিহ্বায় সমস্যা সংক্রান্ত বিষয়ে তার পিতা-মাতা নিয়ে আসেন। নাবালকটির মুখে ও জিহ্বায় সমস্যা ছিল এবং এই বয়সেও সে স্পষ্টভাবে কথা বলতে পারতো না। তখন তাকে পেডোডন্টিক্স ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ চিকিৎসকগণ তাকে পরীক্ষা নিরীক্ষা করে দেখেন যে সে জিহ্বাটাই অ্যাঙ্কিলোগ্লোসিয়া নামে একটি রোগে আক্রান্ত। পেডোডন্টিক্স ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ চিকিৎসকগণ এই সমস্যাটির ব্যাপারে নাবালকটির পিতা-মাতাকে অবহিত করেন। এই সমস্যাটির সমাধানের জন্য নাবালকটির একটি ছোট্ট অস্ত্রোপচার প্রয়োজন যা, আধুনিক লেজার সার্জারি ব্যবস্থাপনায় করা হবে। এরপর নাবালকটির পিতা-মাতার সম্মতির ভিত্তিতে লেজার সার্জারির মাধ্যমে পেডোডন্টিক্স ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ চিকিৎসকগণ অস্ত্রোপচার করেন এবং সফলভাবে তার জিহ্বার সমস্যাটির সমাধান করেন। এটি একটি অত্যাধুনিক অস্ত্রোপচারের পদ্ধতি। এই পদ্ধতিতে অপেক্ষাকৃত কম রক্তক্ষরণ হয় এবং সময়ও অনেক কম লাগে। এটি সেলাইবিহীন, অস্ত্রোপচারের পর ব্যথা এবং ফোলা কম থাকে ও দ্রুত ক্ষতের নিরাময় ঘটে। এছাড়া এটি চিরাচরিত প্রথার চেয়েও অত্যন্ত নিরাপদ, কার্যকর ও স্বাচ্ছন্দ্যদায়ক অস্ত্রোপচার। এই অস্ত্রোপচারের পরেই তাকে হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয় এবং কয়েকদিনের মধ্যেই তার জিহ্বায় সমস্যাটি ঠিক হয়ে যায়। এখন সে স্পষ্টভাবে কথা বলতে পারছে। উক্ত লেজার সার্জারিতে ছিলেন আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের পেডোডন্টিক্স ডিপার্টমেন্টের অ্যাসিসট্যান্ট প্রফেসর ডাঃ নির্মল দেববর্মা ও অ্যাসিসট্যান্ট প্রফেসর ডাঃ স্মিতা পাল সহ ৩টি নার্স। আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে এই সফল অস্ত্রোপচারের সুবিধা লাভ করে নাবালকটির পিতা-মাতা চিকিৎসক সহ সকল স্বাস্থ্যকর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ও ধন্যবাদ জানান। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****